গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাধবপুর, হবিগঞ্জ।
Web : madhabpur.habiganj.gov.bd

**"আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে মাধবপুর উপজেলায় অস্থায়ী পশুর হাট স্থাপনের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখার অনুমতির প্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নির্ধারিত ছক ও শর্ত মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানোর লক্ষ্যে ইজারা প্রক্রিয়ায় যৌক্তিক ও গ্রহণযোগ্য দরে আগামী ১৬/০৭/২০২১খ্রিঃ তারিখ শুক্রবার বেলা ৩:৩০ ঘটিকায় মাধবপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ইজারা অনুষ্ঠিত হবে। উক্ত ইজারা ডাকে আগ্রহীগণকে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| দরপত্র ফরম বিক্রয়ের তারিখ, সময় ও স্থান | দরপত্র ফরম জমা প্রদানের তারিখ, সময় ও স্থান | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|
| ১৬/০৭/২০২১খ্রিঃ<br>শুক্রবার দুপুর ১২:৩০টা পর্যন্ত<br>স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাধবপুর, হবিগঞ্জ। | ১৬/০৭/২০২১খ্রিঃ<br>শুক্রবার দুপুর ২:৩০টা পর্যন্ত<br>স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাধবপুর, হবিগঞ্জ। | ১৬/০৭/২০২১খ্রিঃ<br>শুক্রবার দুপুর ৩:৩০টা পর্যন্ত<br>স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাধবপুর, হবিগঞ্জ। |

**শর্তাবলীঃ**

১। আগ্রহী ইজারা ডাকে অংশগ্রহণকারীকে নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে দরপত্র ফরম ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ক্রয় করে ফরম পূরণ করতঃ নির্ধারিত সময়ের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে।
২। নির্ধারিত তারিখ ও সময় ব্যতীত দরপত্র ফরম সরবরাহ করা হবে না।
৩। ইজারা ডাকে আগ্রহীগণকে ডাক অনুষ্ঠানে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে নগদ ১০,০০০/-(দশ হাজার) টাকা (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারী বরাবর জমা প্রদান করতে হবে।
৪। অনুমোদিত/সর্বোচ্চ ডাককারীকে উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়কর হিসেবে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।
৫। অনুমোদিত/সর্বোচ্চ ডাককারী কোন কারণে বাজার নিতে অপারগ হলে কিংবা নির্ধারিত সময়ে অবশিষ্ট অর্থ ভ্যাট, আয়কর জমা না দিলে তার ডাক বাতিল ও জমাকৃত অর্থ বাজেয়াপ্তক্রমে বিধিমতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬। হাট বসানোর অনুমতি প্রদানের পর হতে ঈদের দিন পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পশুর হাট বসানো যাবে।
৭। অনুমোদিত ইজারাদারকে সরকার নির্ধারিত হারে পাকা রশিদের মাধ্যমে টোল আদায় করতে হবে।
৮। রাস্তার উপরে হাট বসিয়ে কোনভাবেই রাস্তা বন্ধ করা বা চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।
৯। নিজ উদ্যোগে পশুরহাট পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঈদের পর পরই ব্যবহৃত মালামাল অপসারণ করতে হবে এবং আইন-শৃঙ্খলা অবনতিজনিত কোন ঘটনা ঘটলে সংশ্লিষ্ট ব্যক্তি দায়ী থাকবেন।
১০। নিজ উদ্যোগে অস্থায়ী পশুর হাটে জাল টাকা সনাক্তকরণ মেশিন স্থাপন করতে হবে।
১১। আদালতের নিষেধাজ্ঞা থাকলে কোন অবস্থাতেই হাট বসানো যাবে না।
১২। নিজ উদ্যোগে অস্থায়ী জেনারেটর এর মাধ্যমে বিদ্যুৎ এর ব্যবস্থা করতে হবে।
১৩। নিজস্ব স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।
১৪। দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১৫। শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেললাইন এবং জাতীয়/আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
১৬। পশুর হাটে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে। হাটে একটি পশুর সারি হতে অন্য সারির দূরত্ব অন্ততসাপেক্ষে ১৫(পনেরো) ফুট রাখতে হবে।
১৭। হাটে প্রবেশ ও বের হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে এবং ক্রেতা, বিক্রেতা ও সংশ্লিষ্টদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।
১৮। হাটের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং জীবাণুনাশকের ব্যবস্থা রাখতে হবে।

## অস্থায়ী পশুর হাট সমূহের বিবরণ ঃ

| ক্রমিক নং | অস্থায়ী পশুর হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সিডিউল মূল্য |
|---|---|---|---|
| ১ | গাঙ্গাইল বাজার, মাধবপুর | ৩নং বহরা ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ২ | ঘিলাতলী বাজার, মাধবপুর | ৩নং বহরা ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ৩ | কৃষ্ণপুর বাজার, মাধবপুর | ৩নং বহরা ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ৪ | চৌমুহনী বাজার,মাধবপুর | ২নং চৌমুহনী ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ৫ | ধর্মঘর বাজার,মাধবপুর | ১নং ধর্মঘর ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ৬ | কালির বাজার,মাধবপুর | ১নং ধর্মঘর ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ৭ | গেইটঘর বাজার, মাধবপুর | ৬নং শাহজাহান ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ৮ | নোয়াহাটি বাজার, মাধবপুর | ৬নং শাহজাহান ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ৯ | আন্দিউড়া চক বাজার,মাধবপুর | ৫নং আন্দিউড়া ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ১০ | ছাতিয়াইন বয়লার মাঠ বাজার, মাধবপুর | ১০নং ছাতিয়াইন ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ১১ | খড়কী বাজার,মাধবপুর | ৭নং জগদীশপুর ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ১২ | শাহাপুর নতুন বাজার, মাধবপুর | ৯নং নোয়াপাড়া ইউ,পি, মাধবপুর | ৫০০/- |
| ১৩ | কালিগঞ্জ বাজার (বাঘাসুরা), মাধবপুর | ১১নং বাঘাসুরা ইউ,পি, মাধবপুর | ৫০০/- |

Moin ১৫.০৭.২১

(শেখ মঈনুল ইসলাম মঈন)
উপজেলা নির্বাহী অফিসার
মাধবপুর, হবিগঞ্জ।
ফোন ঃ ০৮৩২৭-৫৬০০১
ফ্যাক্স ঃ ০৮৩২৭-৫৬১৭৪
E-mail : unomadhabpur@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৩৬৭১.০০৫.০২.৬১০.১৭- ৬৬৪(৫০) তারিখঃ ১৫/০৭/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় এবং মাননীয় সংসদ সদস্য, মাধবপুর-চুনারুঘাট নির্বাচনী এলাকা (হবিগঞ্জ-৪)।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ। সদয় অবগতির জন্য।
৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, হবিগঞ্জ।
৫। পুলিশ সুপার, হবিগঞ্জ। সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।
৭। মেয়র, মাধবপুর পৌরসভা, মাধবপুর, হবিগঞ্জ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল),......................................, হবিগঞ্জ। অবগতি ও বহুল প্রচারের জন্য।
৯। ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ।
১০। সহকারী কমিশনার (ভূমি), মাধবপুর, হবিগঞ্জ।
১১। অফিসার-ইন-চার্জ, মাধবপুর থানা, মাধবপুর, হবিগঞ্জ।
১২। ম্যানেজার, সোনালী/কৃষি/জনতা/পূবালী/ রুপালী ব্যাংক লিঃ, মাধবপুর, হবিগঞ্জ।
১৩। ইউপি চেয়ারম্যান (সকল), মাধবপুর, হবিগঞ্জ।

Moin ১৫.০৭.২১

(শেখ মঈনুল ইসলাম মঈন)
উপজেলা নির্বাহী অফিসার
মাধবপুর, হবিগঞ্জ।